## অধ্যায়-৯: ইলেকট্রনিক ও আধুনিক ব্যাংকিং

২১২. ইলেকট্রনিক ব্যাংকিং বলতে কী বোঝায়? (অনুধাবন)
ক প্রাচীন যুগের ব্যাংকিং
খ মধ্যযুগীয় ব্যাংকিং
গ আধুনিক ব্যাংকিং
ঘ প্রাক-মধ্যযুগীয় ব্যাংকিং **গ**

২১৩. ইলেকট্রনিক ব্যাংকিং কার্যক্রম কীরূপ? (অনুধাবন)
ক কঠিন ও জটিল খ দ্রুত ও সহজ
গ সহজ ও স্থবির ঘ দ্রুত ও জটিল **খ**

২১৪. ইলেকট্রনিক ব্যাংকিং মূলত কী? (অনুধাবন)
ক ব্যাংকিং জগতে প্রযুক্তির ব্যবহার
খ তারবিহীন ব্যাংকিং
গ পেপার ওয়ার্ক ব্যাংকিং
ঘ ইসলামী ব্যাংকিং **ক**

২১৫. ইন্টারনেট ব্যাংকিং-এর সবচেয়ে বড় প্রতিবন্ধকতা কোনটি? (জ্ঞান)
ক অর্থ খ যোগাযোগ
গ নিরাপত্তা ঘ চাহিদা **গ**

২১৬. সর্বপ্রথম ইলেকট্রনিক ব্যাংকিং কার্যক্রম শুরু হয় কোন ব্যাংকে? (জ্ঞান)
ক সিটি ব্যাংক লিমিটেডে
খ ন্যাশনাল ব্যাংকে
গ বাংলাদেশ ব্যাংকে
ঘ ন্যাশনাল সিটি ব্যাংক অব নিউইয়র্ককে **ঘ**

২১৭. Cash Dispenser মেশিনে কীসের সাহায্যে লেনদেন হতো? (জ্ঞান)
ক চেক খ ড্রাফট
গ প্লাস্টিক কার্ড ঘ রসিদ **গ**

২১৮. সুমন মার্কেটে শার্ট কিনতে গেল। কিন্তু শার্ট ক্রয়ের যথেষ্ট পরিমাণ টাকা না থাকায় সে কার্ড দ্বারা তার একাউন্ট হতে টাকা উত্তোলন করে শার্ট ক্রয় করলো। সুমন কোন ধরনের কার্ড ব্যবহার করলো? (প্রয়োগ)
ক ক্রেডিট কার্ড খ ডেবিট কার্ড
গ মাস্টার কার্ড ঘ ভিসিটিং কার্ড **খ**

২১৯. কোনটি খুচরা ইলেকট্রনিক ব্যাংকিং সেবা? (জ্ঞান)
ক ব্যাংকের পাস বই খ ব্যাংকের চেক বই
গ ব্যাংকের জমা রশিদ
ঘ ব্যাংকের এটিএম কার্ড **ঘ**

২২০. টেলিফোন বিল পরিশোধের পরবর্তী উন্নত ঘরোয়া ব্যাংকিং কোনটি? (জ্ঞান)
ক Mobile Banking
খ Video Home Banking
গ Video Banking ঘ Home Banking **খ**

২২১. ATM কার্ডের গ্রাহককে আলাদা করার জন্য ব্যবহৃত হয় কোনটি? (অনুধাবন)
ক কার্ডের নানান ধরন খ কার্ডের পিন নম্বর
গ কার্ডের আবরণ ঘ কার্ডের আকৃতি **খ**

২২২. আন্তর্জাতিকভাবে স্বীকৃত ক্রেডিট কার্ড কোনটি? (জ্ঞান)
ক ভিসা কার্ড খ মাস্টার কার্ড
গ মালিকানা কার্ড
ঘ আমেরিকান এক্সপ্রেস কার্ড **ক**

২২৩. ক্রেডিট কার্ড পরিচালনার মেরুদণ্ড কোনটি? (জ্ঞান)
ক ইলেকট্রনিক পদ্ধতি খ সনাতন পদ্ধতি
গ ম্যাগনেটিক পদ্ধতি ঘ কম্পিউটার পদ্ধতি **ক**

২২৪. ব্যাংকিং সেবা মানুষের হাতের মুঠোয় পৌঁছে দিতে ব্যাংকসমূহ কোন পদ্ধতি চালু করে? (জ্ঞান)
ক অনলাইন ব্যাংকিং খ এনি ব্রাঞ্চ ব্যাংকিং
গ মোবাইল ব্যাংকিং ঘ ঘরোয়া ব্যাংকিং **গ**

২২৫. ব্যাংকিং ব্যবসায় কীসের ওপর নির্ভরশীল? (জ্ঞান)
ক গ্রাহক খ মালিক
গ সরকার ঘ রাজনীতিবিদ **ক**

২২৬. আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় চেকের পরিবর্তে গ্রাহককে কী প্রদান করা হয়? (অনুধাবন)
ক ক্রেডিট কার্ড খ বিনিময় বিল
গ নগদ প্রত্যয়পত্র ঘ ডেবিট কার্ড **ঘ**

২২৭. SWIFT এর পূর্ণরূপ কী? (জ্ঞান)
ক Society for Worldwide Interbank Financial Telecommunication
খ Society for Worldwide Interpersonal Financial Telecommunication
গ Society for Worldweb Interbank Financial Telecommunication
ঘ Society for World Interbank Financial Telecommunication **ক**

২২৮. ইলেকট্রনিক ব্যাংকের সুবিধা হলো — (অনুধাবন)
i. স্বয়ংক্রিয় গণনা যন্ত্র ii. হোম ব্যাংকিং
iii. ডিজিটাল ব্যাংকিং
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

Teachingbd.com

২২৯. ক্রেডিট কার্ডের মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করা যায় — (অনুধাবন)

i. নগদে
ii. মাসিক কিস্তিতে
iii. একবারে পরিশোধ্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii
ক

২৩০. ডেবিট কার্ডের সুবিধা হলো — (অনুধাবন)

i. ২৪ ঘণ্টা ব্যবহার করা যায়
ii. ঋণ সুবিধা লাভ করা যায়
iii. পণ্য ও সেবা ক্রয়েও ব্যবহৃত হতে পারে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii
খ

২৩১. তথ্য প্রযুক্তির উন্নতির ফলে সম্ভব হচ্ছে — (অনুধাবন)

i. তথ্য দ্রুত খুঁজে পাওয়া
ii. দেরিতে তথ্য প্রাপ্তি
iii. নিরাপদ তথ্য সংরক্ষণ ব্যবস্থা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii
খ

**উদ্দীপকটি পড়ো এবং ২৩২ ও ২৩৩ নং প্রশ্নের উত্তর দাও।**

AB ব্যাংকের CEO তাদের বাৎসরিক মিটিং-এ ই-ব্যাংকিং সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে হলে গ্রাহক সন্তুষ্টি অর্জন করতে হবে। আর গ্রাহক সন্তুষ্টি অর্জন তখনই সম্ভব হবে যখন গ্রাহকদের আধুনিক সুযোগ-সুবিধা প্রদান করা সম্ভব হবে।

২৩২. উদ্দীপকে বর্ণিত ই-ব্যাংকিং কী? (প্রয়োগ)

ক ইলেকট্রনিক ব্যাংকিং
খ ইমিন্টে ব্যাংকিং
গ ইলিগ্যান্ট ব্যাংকিং
ঘ ইসলামী ব্যাংকিং
ক

২৩৩. উক্ত ই-ব্যাংকিং কীভাবে গ্রাহক সন্তুষ্টিতে ভূমিকা রাখে? (উচ্চতর দক্ষতা)

ক গ্রাহকদের অতিরিক্ত চার্জ করে
খ সনাতন ব্যাংকিংয়ের উন্নতি করে
গ ব্যাংকের কর্মচারী কর্মকর্তাদের সাথে ভালো ব্যবহার
ঘ আধুনিক প্রযুক্তিনির্ভর সেবা প্রদান করে
ঘ

**উদ্দীপকটি পড়ো এবং ২৩৪ ও ২৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**

রেজিন হাসান তার পরিবারসহ বান্দরবানে বেড়াতে যান। সেখানে যাবতীয় ব্যয় তিনি ইলেকট্রনিক ব্যাংকিং কার্ডের মাধ্যমে সম্পন্ন করেন। কার্ডের সঞ্চিত টাকা ফুরিয়ে এলে তিনি তার ভাইকে তার ব্যাংক হিসাবে টাকা জমা করতে বলেন। অতঃপর তিনি কিছু টাকা উত্তোলন করেন এবং দু'দিন পর পরিবার সমেত বেড়ানো শেষ করে ঢাকায় ফিরে আসেন।

২৩৪. রেজিন হাসান কোন মাধ্যমে টাকা উত্তোলন করেছিলেন? (প্রয়োগ)

ক ফোন ব্যাংকিং
খ এটিএম
গ এসএমএস ব্যাংকিং
ঘ ইন্টারনেট ব্যাংকিং
খ

২৩৫. রেজিন হাসানের সফর ফলপ্রসূ হয়েছিল — (উচ্চতর দক্ষতা)

i. এসএমএস ব্যাংকিংয়ের সহায়তায়
ii. ফোন ব্যাংকিংয়ের সহায়তায়
iii. ইন্টারনেট ব্যাংকিংয়ের সহায়তায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii
খ

**উদ্দীপকটি পড়ো এবং ২৩৬ ও ২৩৭ নং প্রশ্নের উত্তর দাও।**

মি হাসান সদ্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া একজন ছাত্র। সে আশা ব্যাংকে একটি হিসাব খোলে। যেখানে তার পিতা পড়াশুনার খরচ মেটানোর জন্য তাকে প্রতি মাসে টাকা পাঠায়। হাসানকে ব্যাংক একটি প্লাস্টিক কার্ড প্রদান করে যার মাধ্যমে সে ঐ ব্যাংকের যেকোনো ATM বুথ থেকে তার জমাকৃত টাকা তুলতে পারবে। কয়েকদিন পর হাসানকে আশা ব্যাংক আরও একটি কার্ডের প্রস্তাব দেয় যার মাধ্যমে সে ধারে পণ্য ক্রয় করতে পারবে এবং প্রয়োজনমতো ধারে টাকা উত্তোলন করতে পারবে।

২৩৬. হাসান কোন ধরনের হিসাব খুলেছে? (প্রয়োগ)

ক চলতি হিসাব
খ সঞ্চয়ী হিসাব
গ স্কুল সঞ্চয়ী হিসাব
ঘ বিশেষ সঞ্চয়ী হিসাব
খ

২৩৭. উদ্দীপকে যে দুটি কার্ড সম্পর্কে বলা হয়েছে তাদের সম্পর্কে কোনটি সত্য? (উচ্চতর দক্ষতা)

ক প্রথম কার্ডটি ক্রেডিট কার্ড
খ প্রথম কার্ডটির মাধ্যমে জমাতিরিক্ত টাকা তোলা যায়
গ দ্বিতীয় কার্ডটি গ্রাহকের হিসাব থেকে টাকা ডেবিট করে
ঘ দ্বিতীয় কার্ডটির মাধ্যমে ক্রয়কৃত পণ্যের টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করতে হয়
ঘ

http://teachingbd.com